

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং: ৪৬.০০.০০০০.০৭০.২৭.০১৯.২২-৩৩

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯
১০ এপ্রিল ২০২০

আদেশ

জনাব মোঃ সেলিম চাঁন, ওয়ার্ড বয় (বরখাস্তকৃত), নাজিরাবাজার মাতৃসদন কেন্দ্র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মরত থাকাকালে গুলিষ্ঠান ১ নং কাষ্টান বাজার মার্কেটের নীচতলায় মাননীয় মেয়রের কোটা হতে ০৩ (তিনি)টি দোকান অবৈধভাবে বরাদ্দ দেয়ার প্রতিশুভি দিয়ে জনাব জাহান আলী (মো. মুকুল), পিতা-মৃত মোহাম্মদ আলী, ঠিকানা-৮/১, হোসনী দালান রোড, নবাব বাগিচা, ঢাকা এর নিকট হতে ১৮,০০,০০০/- (আঠারো লক্ষ) টাকা গ্রহণ করেন। দোকান না পাওয়ায় জনাব জাহান আলী (মো. মুকুল) স্বাস্থ্য বিভাগ, অঞ্চল-১ এ কর্মরত জনাব কুটি মিয়াকে জানান এবং তার মধ্যস্থতায় জনাব মোঃ সেলিম চাঁন ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকার একটি চেক (নং ১২৫৭৪৭০, জনতা ব্যাংক লি., নগর ভবন, ঢাকা) প্রদান করেন। কিন্তু জনাব জাহান আলী (মো. মুকুল) ব্যাংকে চেকটি জমা প্রদান করলে একাউন্টে টাকা না থাকায় চেকটি ফেরত প্রদান (Dishonour) করা হয়। পরবর্তীতে অনেকবার তাগাদা দেয়া সত্ত্বেও জনাব মোঃ সেলিম চাঁন কোন টাকা প্রদান না করে সন্তানী লোক দ্বারা জনাব কুটি মিয়াকে মেরে ফেলার হমকী দেন। তার বিরুদ্ধে ‘ঢাকা গৌর কর্পোরেশনের কর্মচারি চাকুরি বিধিমালা, ১৯৮৯’-এর বিধি ৩৯(ক), (খ) ও (চ) মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও প্রতারণার দায়ে অভিযুক্ত করে ০৯/০২/২০১৭ তারিখে বিভাগীয় মামলা বুজু করা হয়। তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় ‘ঢাকা গৌর কর্পোরেশনের কর্মচারি চাকুরি বিধিমালা, ১৯৮৯’ এর বিধি ৪০(১)(খ)(ঙ) মোতাবেক ২৭/০১/২০১৯ তারিখ হতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের চাকুরি হতে বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশের বিরুদ্ধে জনাব মোঃ সেলিম চাঁন, ওয়ার্ড বয়, নাজিরাবাজার মাতৃসদন কেন্দ্র (বরখাস্তকৃত) গত ১৬/০৩/২০২২ তারিখে এ বিভাগের সিনিয়র সচিব বরাবর আগীল আবেদন দাখিল করেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে আগীল মামলাটি বুজু করা হয়।

জনাব মোঃ সেলিম চাঁন, ওয়ার্ড বয় (বরখাস্তকৃত), নাজিরাবাজার মাতৃসদন কেন্দ্র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক দাখিলকৃত আবেদন ও সংযুক্ত রেকর্ডপত্র পর্যালোচনা করে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। এছাড়া, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পক্ষে জনাব মোঃ মিজানুর রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত লিখিত বক্তব্য আমলে নেয়া হয়।

আগীলকারী কর্তৃক দাখিলকৃত বক্তব্য/লিখিত বক্তব্য, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তার লিখিত বক্তব্য এবং দফাওয়ারী জবাব পর্যালোচনায় দেখা যায়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বরখাস্তকৃত কর্মচারী জনাব মোঃ সেলিম চাঁন-এর বিরুদ্ধে আনীত অভিযোগ যথাযথভাবে তদন্ত করা হয়েছে এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে। এছাড়া, একই অভিযোগে ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকার চেক Dishonour হওয়ায় অভিযুক্ত জনাব মোঃ সেলিম চাঁন-এর বিরুদ্ধে Negotiable Instruments Act, 1881 এর ১৩৮ ধারার বিধান মোতাবেক গত ২৭ জানুয়ারি ২০১৭ তারিখে বিজ্ঞ সি. এম. এম আদালত, ঢাকায় সি. আর মামলা নং-০৬/২০১৭ দায়ের করা হয়। উক্ত মামলায় গত ২৭ জানুয়ারি ২০১৯ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক অভিযুক্ত জনাব মোঃ সেলিম চাঁনকে দোষী সাব্যস্ত করে ২ (দুই) মাসের কারাদণ্ড এবং উক্ত অর্থ দন্ত প্রদানপূর্বক উক্ত দন্তের অর্থ বাদীকে প্রদানের আদেশ প্রদান করেন।

সার্বিক বিবেচনায়, জনাব মোঃ সেলিম চান, ওয়ার্ড বয় (বরখাতকৃত)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং একই অভিযোগে বিজ্ঞ আদালতে দায়েরকৃত ফেজদারি মামলায় দন্ত প্রাপ্ত হওয়ায়, এ বিষয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ২২ অক্টোবর ২০২০ তারিখের ৪৬.২০৭.০০০.০৩.০৩.১৯৭১.২০০৩-৫৪৯ নং অফিস আদেশমূলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত আদেশ/সিঙ্কান্ত যথার্থ ও যৌক্তিক এবং আরোপিত দন্ত পর্যাপ্ত মুর্মে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, জনাব মোঃ সেলিম চান, ওয়ার্ড বয়, নাজিরাবাজার মাতৃসদন কেন্দ্র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (বরখাতকৃত) কর্তৃক এ বিভাগে দায়েরকৃত আগীল আবেদনটি ‘ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯’-এর বিধি ৫৮(৩) অনুযায়ী খারিজ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

MD. Ibrahim
১০/৪/২০২৩

(মুহম্মদ ইব্রাহিম)
সচিব
স্থানীয় সরকার বিভাগ।

নং: ৪৬.০০.০০০০.০৭০.২৭.০১৯.২২-৩০৩/৮৮)

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯
১০ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৩। মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। জনাব মোঃ সেলিম চান, প্রাক্তন ওয়ার্ড বয়, নাজিরাবাজার মাতৃসদন কেন্দ্র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৮। অফিস কপি।

Md. Shahjul Islam
১০/৪/২০২৩

(মোহাম্মদ শামছুল ইসলাম)

উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ই-মেইল: lgcc1@lgd.gov.bd